রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ১৩, ১৯৮৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়

নোটিফিকেশন

ঢাকা, ১৩ই নভেম্বর, ১৯৮৫

নং এস,আর,ও ৩৭৭৬-এল/৮৫—১৯৮২ সালের ২৪শে মার্চের ঘোষণা মোতাবেক এবং তদনুদ্দেশ্যে অর্পিত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরোনামঃ—এই বিধিমালা জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষের রেডিও উইং-এর নন-ক্যাডার অফিসার ও কর্মচারীদের নিয়োগবিধি, ১৯৮৫ নামে অবহিত হইবে।

২। সংজ্ঞাসমূহঃ— বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী না হইলে এই বিধিমালায়,—

(ক) "কমিশন" বলিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে বুঝাইবে,

(খ) "তফসিল" বলিতে এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল বুঝাইবে,

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে সরকারকে বুঝাইবে এবং কোন নির্দিষ্ট পদ অথবা এইরূপ পদ শ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগের ব্যাপারে, সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবে,

(ঘ) "নির্দিষ্ট পদ" বলিতে তফসিলে উল্লেখিত পদ বুঝাইবে,

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে তফসিলে বর্ণিত নির্দিষ্ট পদের যোগ্যতা বুঝাইবে,

(চ) "শিক্ষানবিস" বলিতে নির্দিষ্ট পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে, এবং

(ছ) "স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং এই বিধির উদ্দেশ্যে পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় ইহার অন্তর্ভুক্ত হইবে।



মূল্যঃ টাকা ১·২০

৩। **নিয়োগ পদ্ধতিঃ**—(১) তফসিলে বর্ণিত বিধানসাপেক্ষে কোন নির্দিষ্ট পদে নিম্ন বিবৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবেঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে,

(খ) পদোন্নতির মাধ্যমে, অথবা

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে এবং সরাসরি নিয়োগক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগঃ**—(১) ১৯৭৯ সালের পি,এস,সি (কনসালটেশন) রেগুলেশনের শর্তসাপেক্ষে কমিশনের সুপারিশ ব্যতিরেকে কোন নির্দিষ্ট পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে।

(২) নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হনঃ

তবে যে ব্যক্তি পূর্ব হইতেই প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্ত রহিয়াছেন তাহার ক্ষেত্রে এই দফা প্রযোজ্য হইবে না।

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য পরিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষ তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা নির্দিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে, এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব পরিচয় যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফি-সহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন, এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগঃ**—(১) এতদ্‌দ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবেঃ

শর্ত থাকে যে, উচ্চতর শ্রেণীর নির্দিষ্ট পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিসিঃ**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে নির্দিষ্ট পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, বাস্তব নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবেঃ

শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপে সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যেক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহা সহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন, এবং

(খ) যদি মনে করেন যে উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন, এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ সমাপন করেন।

৭। **বাতিলকরণঃ**—(১) গত ১লা মার্চ ১৯৭৯ তারিখের এস,আর,ও ৫১-এল/৭৯ নং বিজ্ঞপ্তি দ্বারা রেডিও বাংলাদেশের গেজেটেড অফিসারের যে নিয়োগবিধি জারী করা হয় এতদ্বারা উহা বাতিল করা হইল।

(২) গত ৩রা মে, ১৯৮০ তারিখে এস,আর,ও,১০৯-এল/৮০ নং বিজ্ঞপ্তি দ্বারা রেডিও বাংলাদেশের নন-গেজেটেড কর্মচারীর যে নিয়োগবিধি জারী করা হয় এতদ্বারা উহা বাতিল করা হইল।

তফসিল

| ক্রমিক নং। | নির্দিষ্ট পদের নাম। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স-সীমা। | নিয়োগ পদ্ধতি। | যোগ্যতা। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | পরিচালক (প্রশাসন/অর্থ) | .. | রেডিও বাংলাদেশের অতিরিক্ত পরিচালক (প্রশাসন/অর্থ) থেকে পদোন্নতির মাধ্যমে। অথবা সিনিয়র সার্ভিস পুল ক্যাডার থেকে ডেপুটেশনে বদলীর মাধ্যমে। | ফিডার পদে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ২ | অতিরিক্ত পরিচালক (প্রশাসন/অর্থ) | .. | রেডিও বাংলাদেশের উপ-পরিচালক (প্রশাসন/অর্থ) থেকে পদোন্নতির মাধ্যমে। অথবা বি, সি, এস, (এড-মিনিষ্ট্রেটিভ : এডমিনিষ্ট্রেটিভ) অথবা বি, সি, এস, (সেক্রেটারিয়েট) ক্যাডার থেকে ডেপুটেশনে বদলীর মাধ্যমে। | ফিডার পদে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ৩ | উপ-পরিচালক (প্রশাসন/অর্থ) | .. | রেডিও বাংলাদেশের প্রশাসনিক অফিসার/হিসাব রক্ষণ অফিসার থেকে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৬ বৎসরের অভিজ্ঞতা। |
| ৪ | প্রশাসনিক অফিসার (প্রধান কার্য্যালয়)। | .. | (ক) ৩/৪ অংশ প্রধান কার্য্যালয়ের তত্ত্বাবধায়ক থেকে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ১/৪ অংশ প্রধান কার্য্যালয়ের সিলেকশন গ্রেড সাঁট-লিপিকার/সাঁটলিপিকার থেকে পদোন্নতির মাধ্যমে। | (ক) ফিডার পদে ৪ বৎসরের অভিজ্ঞতা।<br>(খ) ফিডার পদে ৫ বৎসরের অভিজ্ঞতা। |

| ক্রমিক নং। | নির্দিষ্ট পদের নাম। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স-সীমা। | নিয়োগ পদ্ধতি। | যোগ্যতা। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৫ | প্রশাসনিক অফিসার (ফিল্ড অফিস) | .. | (ক) ৩/৪ অংশ ফিল্ড অফিসের প্রধান সহকারী থেকে পদোন্নতির মাধ্যমে। | (ক) ফিডার পদে ৫ বৎসরের অভিজ্ঞতা। |
| | | | (খ) ১/৪ অংশ ফিল্ড অফিসের সিলেকশন গ্রেড সাঁটলিপিকার/সাঁটলিপিকার থেকে পদোন্নতির মাধ্যমে। | (খ) ফিডার পদে ৫ বৎসরের অভিজ্ঞতা। |
| ৬ | হিসাব রক্ষণ অফিসার (প্রধান কার্যালয়)। | .. | প্রধান কার্যালয়ের হিসাব রক্ষক থেকে পদোন্নতির মাধ্যমে অথবা ডেপুটেশনের মাধ্যমে। | ফিডার পদে ৪ বৎসরের অভিজ্ঞতা। |
| ৭ | নিরাপত্তা অফিসার | .. | (ক) সহকারী নিরাপত্তা অফিসার থেকে পদোন্নতির মাধ্যমে। | (ক) **পদোন্নতির জন্য**—ফিডার পদে ৪ বৎসরের অভিজ্ঞতা। |
| | | অনুর্দ্ধ ২৭ বৎসর। বিভাগীয় প্রার্থীদের জন্য ৫ বৎসর শিথিল যোগ্য। | (খ) পদোন্নতির জন্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগ অথবা ডেপুটেশনের মাধ্যমে। | (খ) **সরাসরি নিয়োগের জন্য**<br>(১) দ্বিতীয় বিভাগে স্নাতক ডিগ্রী।<br>(২) নিরাপত্তা কাজে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা।<br>(৩) প্রকৌশল যন্ত্রপাতি ও শ্রেণী বিন্যাস দলিলপত্র সম্পর্কে ভাল অভিজ্ঞতা। |
| ৮ | সহকারী নিরাপত্তা অফিসার | .. | (ক) নিরাপত্তা সম্পর্কে অভিজ্ঞতাসহ উচ্চমান সহকারী পদোন্নতির মাধ্যমে। | (ক) **পদোন্নতির জন্য**— ফিডার পদে তিন বৎসরের অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনূর্ধ্ব ২৫ বৎসর | (খ) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগ অথবা ডেপুটেশনের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের জন্য: নিরাপত্তা সম্পর্কে কমপক্ষে ১ বৎসরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী। |
| ৯ | বিজনেস ম্যানেজার | .. | সেল্‌স অফিসার থেকে পদোন্নতির মাধ্যমে | ফিডার পদে ৫ বৎসরের অভিজ্ঞতা। |
| ১০ | সেলস্ অফিসার | .. | (ক) সহকারী বিজনেস ম্যানেজার থেকে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির জন্য: ফিডার পদে ৪ বৎসরের অভিজ্ঞতা। |
| | | অনূর্ধ্ব ২৫ বৎসর | (খ) পদোন্নতির জন্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের জন্য: কমপক্ষে দ্বিতীয় বিভাগে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১১ | বার্তা প্রযোজক | অনূর্ধ্ব ২৫ বৎসর | সরাসরি নিয়োগ | অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় বিভাগে স্নাতকোত্তর ডিগ্রী। শর্টহ্যান্ড ও টাইপ জানা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১২ | অনুষ্ঠান প্রযোজক | .. | (ক) ½ অংশ অনুষ্ঠান সচিব থেকে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির জন্য: ফিডার পদে ৫ বৎসরের অভিজ্ঞতা। |
| | | অনূর্ধ্ব ২৫ বৎসর | (খ) ½ অংশ সরাসরি নিয়োগ। | (খ) সরাসরি নিয়োগের জন্য: দ্বিতীয় শ্রেণী মাষ্টার ডিগ্রীসহ নাটক, সংগীত, চলতি ঘটনা, সাহিত্য ও সাংস্কৃতিতে ভাল জ্ঞান। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৩ | ভাষা তত্ত্বাবধায়ক | অনুর্ধ্ব ২৫ বৎসর | সরাসরি নিয়োগ | (১) দ্বিতীয় শ্রেণী মাষ্টার ডিগ্রীসহ নাটক, সংগীত, চলতি ঘটনা, সাহিত্যে এবং সাংস্কৃতিতে ভাল জ্ঞান এবং বিদেশী ভাষা সম্পর্কে ভাল জ্ঞান। |
| ১৪ | সহকারী বিজনেস ম্যানেজার | অনুর্ধ্ব ২৫ বৎসর | সরাসরি নিয়োগ | কমপক্ষে দ্বিতীয় বিভাগে স্নাতক ডিগ্রী। কমার্স বিভাগের প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৫ | গ্রন্থাগারিক | অনুর্ধ্ব ২৫ বৎসর | (ক) ৫০% ক্যাটালগার থেকে পদোন্নতির মাধ্যমে/পদোন্নতির জন্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগ। | (ক) পদোন্নতির জন্য: ফিডার পদে তিন বৎসরের অভিজ্ঞতা। |
| | | | (খ) ৫০% সরাসরি নিয়োগ। | (খ) সরাসরি নিয়োগের জন্য: লাইব্রেরী বিজ্ঞানে ডিপ্লোমা সহ স্নাতক ডিগ্রী। |
| ১৬ | তত্ত্বাবধায়ক (প্রধান কার্যালয়) | .. | প্রধান কার্যালয়ের উচ্চমান সহকারী/হিসাব রক্ষক-কাম-উচ্চমান সহকারী/উচ্চমান সহকারী-কাম-কোষাধ্যক্ষ/সারকুলেশন সহকারী বিজ্ঞান সহকারী থেকে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৩ বৎসরের অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | হিসাব রক্ষক (প্রধান কার্যালয়) .. | .. | প্রধান কার্যালয়ের উচ্চমান সহকারী/হিসাব রক্ষক-কাম-উচ্চমান সহকারী/উচ্চমান সহকারী-কাম-কোষাধ্যক্ষ/সার্কুলেশন সহকারী/বিজ্ঞান সহকারী থেকে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ১৮ | সহকারী ষ্টোর অফিসার | .. | সিনিয়র ষ্টোর কিপার থেকে পদোন্নতির মাধ্যমে। | সিনিয়র ষ্টোর কিপার পদে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ১৯ | প্রধান সহকারী .. | .. | ফিল্ড অফিসের হিসাব রক্ষক/উচ্চমান সহকারী/উচ্চমান সহকারী-কাম-কোষাধ্যক্ষ/হিসাব রক্ষক-কাম-কোষাধ্যক্ষ/ট্রান্সপোর্ট সুপারভাইজার পদ থেকে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ২০ | সাঁটলিপিকার .. | সরকারী নিয়োগ বিধি অনুযায়ী। | .. | .. |
| ২১ | হিসাব রক্ষক/হিসাব রক্ষক-কাম-উচ্চমান সহকারী/উচ্চমান সহকারী-কাম-কোষাধ্যক্ষ/ট্রান্সপোর্ট সুপারভাইজার/সার্কুলেশন সহকারী/বিজ্ঞান সহকারী। | .. | প্রধান কার্যালয়ের জন্য প্রধান কার্যালয়ের এবং ফিল্ড অফিসের জন্য ফিল্ড অফিসের নিম্নমান সহকারী-কাম-টাইপিষ্ট/ডায়রিষ্ট/হিসাব সহকারী থেকে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৫ বৎসরের অভিজ্ঞতা। |
| ২২ | উচ্চমান সহকারী .. | সরকারী নিয়োগ বিধি অনুযায়ী। | .. | .. |
| ২৩ | সাঁটমুদ্রাক্ষরিক .. | সরকারী নিয়োগ বিধি অনুযায়ী। | .. | .. |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৪ | অনুষ্ঠান সচিব .. | অনূর্দ্ধ ২৫ বৎসর। | সরাসরি নিয়োগ। | এইচ, এস, সি পাশ। প্রতি মিনিটে সর্টহ্যাণ্ড ও টাইপের গতি বাংলা ও ইংরেজীতে যথাক্রমে ৬০/২০ এবং ৮০/২৫ শব্দ। |
| ২৫ | ক্যাটালগার | অনূর্দ্ধ ২৫ বৎসর | সরাসরি নিয়োগ | লাইব্রেরী বিজ্ঞানে সার্টিফিকেটসহ স্নাতক ডিগ্রী। |
| ২৬ | এনালিষ্ট | অনূর্দ্ধ ২৫ বৎসর | সরাসরি নিয়োগ | সমাজ কল্যাণ, সমাজ কর্ম অথবা সমাজ বিজ্ঞানে এম, এ, ডিগ্রী। |
| ২৭ | সহ-সম্পাদক (বেতার প্রকাশনা) | অনূর্দ্ধ ২৫ বৎসর | সরাসরি নিয়োগ | অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রী। সাংবাদিকতায় অভিজ্ঞতা অগ্র গণ্য। |
| ২৮ | সিনিয়র ষ্টোর কিপার | .. | ষ্টোর কিপার থেকে পদোন্নতির মাধ্যমে | ফিডার পদে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ২৯ | ষ্টোর কিপার | অনূর্দ্ধ ২৫ বৎসর | (ক) ৪/৫ অংশ সরাসরি নিয়োগ | (ক) এইচ, এস, সি, পাশসহ ষ্টোরের কাজে ১ বৎসরের অভিজ্ঞতা। |
| | | | (খ) ১/৫ অংশ চতুর্থ শ্রেণী কর্মচারীদের মধ্যে শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন ব্যক্তি থেকে পদোন্নতির মাধ্যমে। | (খ) এইচ, এস, সি, পাশসহ ষ্টোরের কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ৩০ | টেলিফোন অপারেটর | অনূর্দ্ধ ২৫ বৎসর | সরাসরি নিয়োগ | টি এণ্ড টি বোর্ড কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট প্রাপ্ত এস, এস, সি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | পাশ। টেলিফোন অপারেটর পদে ২ বৎসরের অভিজ্ঞতা। |
| ৩১ | নিম্নমান সহকারী-কাম-টাইপিষ্ট | সরকারী নিয়োগ বিধি অনুযায়ী। | .. | .. |
| ৩২ | সহকারী বেতার প্রকৌশলী | অনূর্ধ্ব ২৫ বৎসর | (ক) ½ অংশ সরাসরি নিয়োগ | (ক) সরাসরি নিয়োগের জন্য: ইলেকট্রনিক্স-এ বিশেষ বিষয়-সহ ফলিত পদার্থ বিদ্যায় কমপক্ষে দ্বিতীয় শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী অথবা অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে ইলেট্রনিক্স এবং ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ডিগ্রী। |
| | | | (খ) ½ অংশ উপ-সহকারী প্রকৌশলী থেকে পদোন্নতির মাধ্যমে। | (খ) পদোন্নতির জন্য: ফিডার পদে ৫ বৎসরের অভিজ্ঞতা এবং ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা অথবা পদার্থ বিদ্যাসহ বিজ্ঞানে ডিগ্রী। |
| ৩৩ | উপ-সহকারী প্রকৌশলী (কারিগরী চালক) | অনূর্ধ্ব ২৫ বৎসর | (ক) ½ অংশ সরাসরি নিয়োগ | (ক) সরাসরি নিয়োগের জন্য: তাড়ৎ অথবা ইলেকট্রনিক্স অথবা পাওয়ার প্রকৌশলে দ্বিতীয় বিভাগে ডিপ্লোমা অথবা পদার্থ বিজ্ঞানসহ দ্বিতীয় বিভাগে বি, এস, সি পাশ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | (খ) ½ অংশ রেডিও টেকনিশিয়ান থেকে পদোন্নতির মাধ্যমে। | (খ) পদোন্নতির জন্য: ফিডার পদে কমপক্ষে সাত বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৪ | ওয়ার্কসপ সুপারভাইজার | অনূর্ধ্ব ২৫ বৎসর | (ক) রেডিও টেকনিশিয়ান/ইলেকট্রিক্যাল কাম-কার্পেন্টার-সুপারভাইজার থেকে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির জন্য: ফিডার পদে ৫ বৎসরের অভিজ্ঞতা। |
| | | | (খ) পদোন্নতির জন্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগ। | (খ) সরাসরি নিয়োগের জন্য: যান্ত্রিক অথবা পাওয়ার অথবা ইলেকট্রিক্যাল প্রকৌশলে ডিপ্লোমা এবং তৎসংগে শীতাতপ ও রিফ্রেজারেশনে বিশেষ প্রশিক্ষণ। |
| ৩৫ | শীতাতপ নিয়ন্ত্রক সুপারভাইজার | অনূর্ধ্ব ২৫ বৎসর | (ক) ½ অংশ রেডিও টেকনিশিয়ান/ইলেকট্রিক্যাল-কাম-কার্পেন্টার সুপারভাইজার থেকে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির জন্য: ফিডার পদে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| | | | (খ) ½ অংশ সরাসরি নিয়োগ | (খ) সরাসরি নিয়োগের জন্য: যান্ত্রিক অথবা পাওয়ার অথবা ইলেকট্রিক্যাল প্রকৌশলে ডিপ্লোমা এবং তৎসংগে শীতাতপ ও রেফ্রিজারেশনে বিশেষ প্রশিক্ষণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৬ | সিনিয়র ড্রাফটস্‌ম্যান | .. | জুনিয়র ড্রাফটস্‌ম্যান থেকে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৭ | জুনিয়র ড্রাফটস্‌ম্যান | অনূর্ধ্ব ২৫ বৎসর বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) ১/২ অংশ সরাসরি নিয়োগ | (ক) সরাসরি নিয়োগের জন্য: (১) এস, এস, সি, পাশ। (২) অনুমোদিত ইনষ্টিটিউট থেকে ড্রাফটস্‌ম্যানশীপে ডিপ্লোমা। |
| | | | (খ) ১/২ অংশ ট্রেসার থেকে পদোন্নতির মাধ্যমে। | (খ) ফিডার পদে ৭ বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৮ | রেডিও টেকনিশিয়ান | অনূর্ধ্ব ২৫ বৎসর | (ক) ৪/৫ অংশ সরাসরি নিয়োগ | (ক) এস,এস, সি (বিজ্ঞান) এবং যান্ত্রিক/তড়িৎ/শীতাতপে কোন সরকারী বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্রের ন্যূনতম ৬ মাসের ট্রেড সার্টিফিকেট। |
| | | | (খ) ১/৫ অংশ ইকুইপমেন্ট এটেনডেন্ট থেকে পদোন্নতির মাধ্যমে। | (খ) ফিডার পদে ৭ বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৯ | ইলেকট্রিশিয়ান-কাম-কার্পেন্টার সুপারভাইজার। | .. | কার্পেন্টার অথবা ইকুইপমেন্ট এটেনডেন্ট থেকে যোগ্যতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৭ বৎসরের অভিজ্ঞতা। |
| ৪০ | ডায়রিষ্ট | অনূর্ধ্ব ২৫ বৎসর | (ক) ৪/৫ অংশ সরাসরি নিয়োগ | (ক) সরাসরি নিয়োগের জন্য: এইচ, এস, সি পাশ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | (খ) ১/৫ অংশ চতুর্থ শ্রেণী কর্মচারীদের মধ্যে শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি থেকে পদোন্নতির মাধ্যমে। যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) পদোন্নতির জন্য: এইচ, এস, সি, পাশ। ফিল্ডার পদে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ৪১ | হিসাব সহকারী | অনূর্ধ্ব ২৫ বৎসর | (ক) ৪/৫ অংশ সরাসরি নিয়োগ | (ক) সরাসরি নিয়োগের জন্য: এইচ, এস, সি, পাশ। |
| | | | (খ) ১/৫ অংশ চতুর্থ শ্রেণী কর্মচারীদের মধ্যে শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি থেকে পদোন্নতির মাধ্যমে। যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) পদোন্নতির জন্য: এইচ,এস, সি, পাশ। ফিল্ডার পদে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ৪২ | ষ্টুডিও এক্জিকিউটিভ | অনূর্ধ্ব ২৫ বৎসর | সরাসরি নিয়োগ | এইচ, এস, সি, পাশ। |
| ৪৩ | প্রুফ রীডার | অনূর্ধ্ব ২৫ বৎসর | সরাসরি নিয়োগ | এস, এস, সি, পাশ। প্রুফ রিডিং-এ ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ৪৪ | কপিহোল্ডার | অনূর্ধ্ব ২৫ বৎসর | সরাসরি নিয়োগ | এস, এস, সি, পাশ। কপিহোল্ডিং-এ ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ৪৫ | মটর গাড়ী চালক | অনূর্ধ্ব ২৫ বৎসর | সরাসরি নিয়োগ | অষ্টম শ্রেণী পাশ। হালকা অথবা ভারী গাড়ী চালনোর বৈধ লাইসেন্সপ্রাপ্ত এবং তিন বৎসরের অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪৬ | ডেসপাচ রাইডার | .. | এস,এস,এস,এস, থেকে পদোন্নতির মাধ্যমে | অষ্টম শ্রেণী পর্যন্ত। মটর সাইকেল চালানোর জন্য বৈধ লাইসেন্সসহ ফিডার পদে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ৪৭ | ট্রেসার | অনূর্ধ্ব ২৫ বৎসর | সরাসরি নিয়োগ | এস,এস,সি, পাশ এবং সরকারী অনুমোদিত প্রতিষ্ঠান থেকে ড্রাফটসম্যানশীপে ট্রেড কোর্স পাশ। |
| ৪৮ | এমোনিয়া মেশিন অপারেটর | অনূর্ধ্ব ২৫ বৎসর | সরাসরি নিয়োগ | ৮ম শ্রেণী পর্যন্ত লেখা পড়া এবং এমোনিয়া মেশিন চালানোর কাজে ২ বৎসরের অভিজ্ঞতা। |
| ৪৯ | কার্পেন্টার | অনূর্ধ্ব ২৫ বৎসর | সরাসরি নিয়োগ | অষ্টম শ্রেণী পাশ এবং কাঠ মিস্ত্রীর কাজে তিন বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৫০ | ইকুইপমেন্ট এটেনডেন্ট | অনূর্ধ্ব ২৫ বৎসর | সরাসরি নিয়োগ | অষ্টম শ্রেণী পাশ এবং যন্ত্রপাতি পরিষ্কারের কাজে ২ বৎসরের অভিজ্ঞতা। |
| ৫১ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | .. | এস, এস,এস,এস থেকে পদোন্নতির মাধ্যমে | ডুপ্লিকেটিং মেশিন অপারেশনে অভিজ্ঞতাসহ ফিডার পদে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ৫২ | ষ্টুডিও কন্দিশনিয়ার | .. | এস,এস,এস,এস থেকে পদোন্নতির মাধ্যমে | ফিডার পদে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ৫৩ | দপ্তরী | .. | এস,এস,এস,এস থেকে পদোন্নতির মাধ্যমে | ফিডার পদে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ৫৪ | এস,এস,এস,এস/গার্ড | অনূর্ধ্ব ২৫ বৎসর | সরাসরি নিয়োগ | অষ্টম শ্রেণী পর্যন্ত লেখাপড়া। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫৫ | মালী | অনূর্ধ্ব ২৫ বৎসর | সরাসরি নিয়োগ | অষ্টম শ্রেণী পর্যন্ত লেখাপড়া এবং তৎসহ পেশাগত অভিজ্ঞতা। |
| ৫৬ | সুইপার | অনূর্ধ্ব ২৫ বৎসর | সরাসরি নিয়োগ | অষ্টম শ্রেণী পর্যন্ত লেখাপড়াসহ পেশাগত অভিজ্ঞতা অথবা সুইপার কমিউনিটির সদস্য। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মজহর-উল-করিম

সচিব।

খন্দকার ওবায়দুল মোত্তালের, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মতিন সরকার, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস তেজগাঁও, ঢাকা, কর্তৃক প্রকাশিত।